# RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA
**(Residential Autonomous College affiliated to University of Calcutta)**

**B.A./B.Sc. FIRST SEMESTER EXAMINATION, MARCH 2021**
**FIRST YEAR [BATCH 2020-23]**
**BENGALI (HONOURS)**
**Paper : I [CC 1]**

Date : 24/03/2021
Time : 11.00 am - 1.00 pm
Full Marks : 50

১। যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও ঃ [১×১০]

ক) তোমাদের পঠিত সুনীতিকুমার চট্টোপাধ্যায় রচিত 'জাতি সংস্কৃতি ও সাহিত্য' প্রবন্ধের নির্বাচিত অংশটি অবলম্বনে বাঙ্গালী সংস্কৃতির পরিচয় দাও।

খ) 'আদি আর্য্যভাষাকে বাদ দিলে যেমন বাঙ্গালা ভাষাই থাকে না, তেমনি সীতা-সাবিত্রীকে অর্থাৎ আদি আর্য্য-যুগের বা সংস্কৃত যুগের ঐতিহ্য ও আদর্শকে বাদ দিলে, বাঙ্গালার সংস্কৃতি বলিয়া আমরা কোনও জিনিসের কল্পনা করিতে পারি না।'—আলোচনা করো।

২। যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও ঃ [১×১০]

ক) বিদ্যাপতির জীবন ও পদাবলী সাহিত্য বিষয়ে একটি সংক্ষিপ্ত নিবন্ধ রচনা করো।

খ) প্রাচীন যুগের বাংলা সাহিত্যের ভাষা সম্পর্কে আলোচনা করো।

৩। যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও ঃ [১×১০]

ক) চৈতন্য-জীবনী সম্পর্কে অপরাপর নানা গ্রন্থ রচনা হওয়া সত্ত্বেও কৃষ্ণদাস কবিরাজ যখন একই জনের জীবনকে অবলম্বন করে কাব্য রচনায় অগ্রসর হলেন, তখন কাব্য পরিকল্পনা বা বিন্যাসকালে তিনি যে স্বতন্ত্র দিকগুলিকে তুলে ধরলেন সেগুলি সম্পর্কে আলোচনা করো।

খ) শ্রীকৃষ্ণবিজয় কাব্যের রচনাকালজ্ঞাপক শ্লোকটি উদ্ধৃত করো। এই কাব্যের অপর নাম দু'টি কি কি? কবি মালাধর বসুর বাঙালি মনোভাবকে স্মরণে রেখে তাঁর কবিত্বের দিকটিকে পরিস্ফুট করো। (২+১+৭)

৪। যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও ঃ [১×১০]

ক) নীচের শব্দগুলিতে ণত্ব বিধান ও ষত্ব বিধান ঘটিত বেশ কিছু ভুল রয়েছে তা সংশোধন করো এবং পাশাপাশি ভুলের কারণগুলি উল্লেখ করো।

i) শষ্য

ii) নৃশংশ

iii) ফাল্গুণ

iv) অভিলাস

খ) শুদ্ধ বাক্যের ত্রিসূত্র বিষয়টি উদাহরণসহ আলোচনা করো।

৫। যে-কোনো **<u>একটি</u>** প্রশ্নের উত্তর দাও ঃ [১×১০]

ক) ধ্বনি ও বর্ণের মধ্যে পার্থক্য কী? পাখির আওয়াজ ও পাগলের প্রলাপকে কেন আমরা ধ্বনি বলব না? জিহ্বা ও ঠোঁটের অবস্থান অনুযায়ী স্বরধ্বনির বর্গীকরণ করো। (১+২+৭)

খ) স্বনিম আলোচনায় মূলধ্বনি ও উচ্চারণ বৈচিত্র্য বলতে কী বোঝ? দু'টি প্রায় সমোচ্চারিত ধ্বনিকে কখন একই স্বনিমের অন্তর্গত হিসেবে ধরা হবে এবং কখনই বা দু'টিকে সম্পূর্ণ পৃথক স্বনিম হিসেবে ধরা হবে তা উদাহরণের সাহায্যে বোঝাও। রূপিমের সঙ্গে শব্দ ও অক্ষরের পার্থক্য উদাহরণের সাহায্যে আলোচনা করো। (৩+৪+৩)

——— × ———